## নামঃ গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

GAS TRANSMISSION COMPANY LIMITED

**বিষয়ঃ ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ।**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| **অর্থবছরঃ ২০২৩-২৪** | | | | | | | |
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা?** | **সেবার লিংক** | **সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী** | **বাস্তবায়নকাল (অর্থ-বছর)** |
| ০১. | ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণের জন্য ডিজিটাল মিটিং শিডিউল ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন | অফিস ব্যবস্থাপনা সহজিকরণের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক মহোদয়গণের জন্য ডিজিটাল মিটিং শিডিউল ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন করা হয়েছে। বর্তমান ডিজিটাল যুগে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও মহাব্যবস্থাপকগণের মিটিং শিডিউল ম্যানুয়ালি হার্ড কপিতে সংরক্ষণ করার ক্ষেত্রে সময় ও কাগজ অপচয়ের আশংকা থাকে। অপরদিকে দাপ্তরিক কাজে সাইটে অথবা অন্য কোন কার্যালয়ে অবস্থান করলে ঐ দিন মিটিং শিডিউল জানার জন্য সমন্বয় কর্মকর্তার শরণাপন্ন হতে হতো। আবার কোন কোন ক্ষেত্রে সভার বিষয়ে তাৎক্ষণিক অবহিত না হওয়ার ঝুঁকি থেকে যেতো। বর্তমানে ডিজিটাল মিটিং শিডিউল ম্যানেজমেন্ট সিস্টেম (https://meeting.gtcl.gov.bd/) বাস্তবায়নের ফলে ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক মহোদয়গণ যে কোন স্থান হতে অনলাইনে উল্লিখিত প্লাটফর্মে লগইন করে সহজেই তাদের মিটিং শিডিউল বিষয়ে অবহিত হতে পারেন, যার ফলশ্রুতিতে সভা বিষয়ে তাৎক্ষণিক অবহিত হওয়ার সুযোগ সৃষ্টি হয়। এ ব্যবস্থা চালুকরণের ফলে একদিকে ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক মহোদয়ের সমন্বয় কর্মকর্তাগণ যেমন সহজে যে কোন স্থান হতে অনলাইনে লগইন করে মিটিং শিডিউল ইনপুট করতে পারছেন, তেমনি ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক মহোদয়গণ সহজে নিজস্ব মিটিং শিডিউল বিষয়ে অবহিত হতে পারছেন। | হ্যাঁ | হ্যাঁ | https://meeting.gtcl.gov.bd/ | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০২৩-২০২৪ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০২২-২৩ | | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ-বছর) |
| ০২. | মহেশখালী জিরো পয়েন্ট (কালাদিয়ার চর), জিটিসিএল স্থাপনায় Explosion & Water proof IP camera with warning system স্থাপন এবং মহেশখালী সিটিএমএস স্থাপনা হতে মনিটরিং। | মহেশখালী জিরো পয়েন্ট এলাকায় স্থাপিত জিটিসিএল প্লাটফর্মে Explosion ও Water proof আইপি ক্যামেরা এবং এলার্ম সিস্টেম স্থাপনের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। মহেশখালী জিরো পয়েন্ট প্লাটফর্মে ১১ টি আইপি ক্যামেরা ও ২টি আইপি হর্ণ স্পিকারের মাধ্যমে সম্পূর্ণ প্লাটফর্ম এরিয়া নিরাপত্তা বেষ্টনীর আওতায় তথা সার্বিক নজরদারিতে আনা হয়েছে। মহেশখালী সিটিএমএস কন্ট্রোল রুম থেকে ফাইবার অপটিক ক্যাবলের মাধ্যমে প্ল্যাটফর্মের ক্যামেরা ও হর্ণ সিস্টেমের যন্ত্রপাতির সংযোগ স্থাপন করা হয়েছে। প্ল্যাটফর্মের উপরস্থ যাবতীয় যন্ত্রপাতি, ক্যামেরা ও হর্ণসমূহ চব্বিশ (২৪) ঘন্টা সোলার এনার্জির মাধ্যমে পরিচালিত হচ্ছে। ফলে সাগরের জোয়ার-ভাটা সম্বলিত দূর্গম প্ল্যাটফর্মটিতে গমনাগমন ব্যতিরেকেই প্ল্যাটফর্ম থেকে ৭ কিমি দূরে অবস্থিত মহেশখালী সিটিএমএস কন্ট্রোল রুম থেকে প্ল্যাটফর্মটি পর্যবেক্ষণ করা সম্ভব হচ্ছে। একই সাথে এলার্ম সিস্টেম (মাইক্রোফোন ও হর্ণ স্পিকার) এর মাধ্যমে প্লাটফর্ম এলাকায় অনুপ্রবেশকারীকে, মহেশখালী সিটিএমএস এর দায়িত্বরত কর্মকর্তা সতর্কীকরণ এবং অনতিবিলম্বে হাই প্রেসারাইজড গ্যাস লাইন এলাকা ত্যাগ করার জন্য নির্দেশনা প্রদান করতে পারছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০২২-২০২৩ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০২১-২২ | | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ-বছর) |
| ০৩. | জিটিসিএল এর বিদ্যমান পাইপলাইনসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে পেট্রোলম্যানদের যথাযথভাবে তদারকিকরণের লক্ষ্যে জিপিএস ট্র্যাকিং/ এসেট ট্র্যাকিং সিস্টেম বাস্তবায়ন। | জাতীয় গ্যাস গ্রীডের পরিচালন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সমগ্র দেশব্যাপী নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে জিটিসিএল কর্তৃক স্থাপিত উচ্চ-চাপ সম্পন্ন গ্যাস পাইপলাইনগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিটি পাইপলাইন কে কয়েকটি অংশে বিভক্ত করে উক্ত অংশের পথস্বত্বের নিরাপত্তার দায়িত্বে একজন করে পেট্রোলম্যান নিয়োজিত রয়েছে। কিন্তু পেট্রোলম্যানদের দায়িত্বে অবহেলা বা গাফিলতির কারণে উচ্চ-চাপ সম্পন্ন পাইপলাইনের পথস্বত্বের উপর খনন কার্য বা স্থাপনা নির্মাণের মত ঘটনা ঘটেছে যা পরিহার করার জন্য পেট্রোলম্যানদের পেট্রলিং কাজ নিশ্চিতকরণ/মনিটরিং এর জন্য জিপিএস ট্র্যাকিং/এসেট ট্র্যাকিং সিস্টেম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। জিপিএস ট্র্যাকিং/এসেট ট্র্যাকিং সিস্টেমের মাধ্যমে পেট্রোলম্যানদের অবস্থান সরাসরি অনলাইনে মনিটরিং করা যায়। জিপিএস ডিভাইস স্যাটেলাইট হতে প্রাপ্ত পেট্রোলম্যানদের জিপিএস লোকেশন ডিভাইসের সাথে সংযুক্ত মোবাইল সিমের মাধ্যমে সার্ভিস প্রভাইডারের কেন্দ্রীয় সার্ভারে প্রেরণ করে পরবর্তীতে যা গুগল ম্যাপে পেট্রোলম্যানদের অবস্থান প্রদর্শিত হয়। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ইনচার্জগণ কম্পিউটারের ব্রাউজারে "https://track.easytrax.com/" URL ব্রাউজ করে লগইন করে যে কোন স্থান থেকে পেট্রোলম্যানদের অবস্থান সার্বক্ষনিক তদারকি করতে পারেন। প্রাথমিকভাবে ডিভাইসের কার্যকারিতা এবং উপযোগিতা পরীক্ষণের লক্ষ্যে জিটিসিএল এর আওতাধীন আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং বাখরাবাদ-ডেমরা গ্যাস সঞ্চালন পাইপলাইনের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত পেট্রোলম্যানদের জিপিএস ট্র্যাকিং/এসেট ট্র্যাকিং ডিভাইসের আওতায় আনা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০২১-২০২২ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০২০-২১ | | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ-বছর) |
| ০৪. | জিটিসিএল প্রধান কার্যালয়ে নিরাপত্তা জোরদারকরণ ও কাজের পরিবেশ উন্নীতকরণের লক্ষ্যে IP Camera System স্থাপন। | জিটিসিএল প্রধান কার্যালয়ে নিরাপত্তা জোরদারকরণ ও কাজের পরিবেশ উন্নীত করণের লক্ষ্যে IP Camera System স্থাপন করা হয়েছে। এই সিস্টেমের আওতায় প্রধান কার্যালয় ভবনের প্রতিটি ফ্লোরে একাধিক আইপি ক্যামেরা স্থাপন করা হয়েছে, যা সিকিউরিটি কর্তৃক সার্বক্ষণিক তত্ত্বাবধান করা হচ্ছে। জিটিসিএল প্রধান কার্যালয় ভবনটি ১৩ তলা বিশিষ্ট। ভবনে সর্বমোট ৩৩০ জন কর্মকর্তা কর্মরত আছেন। প্রধান কার্যালয়ে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় হতে ব্যবস্থাপক পদবির কর্মকর্তাগণের জন্য স্ব স্ব কক্ষের ব্যবস্থা থাকলেও উপ-ব্যবস্থাপক হতে তদ্‌নিম্ন পদধারী কর্মকর্তাগণের জন্য উন্মুক্ত স্থানে অফিস ডেস্ক সেটআপ করা হয়েছে। ফলে উক্ত কর্মকর্তাদের ব্যবহার্য কম্পিউটার, ফটোকপি মেশিন, প্রিন্টার, স্ক্যানার, মনিটরসহ অন্যান্য অফিস ইকুইপমেন্টসমূহ ওপেন স্পেসে স্থাপন করা হয়েছে। ভবনের অধিকাংশ ফ্লোরে উন্মুক্ত স্থানে অবস্থিত এই মূল্যবান অফিস সামগ্রী যেমনঃ ফটোকপি মেশিন, প্রিন্টার এর কার্ট্রিজ ইত্যাদি সার্বক্ষণিক নজরদারিতে রাখা প্রয়োজন। IP Camera সাধারনত High Resolution Camera। এটি LAN এর মাধ্যমে NVR এর সাথে সংযুক্ত থাকে। IP Camera স্থাপনে LAN Equipment হিসেবে PoE Switch ব্যবহারের ফলে তা স্থাপনে Power Cable ও Cat৬ cable এর ব্যবহার বহুলাংশে হ্রাস পায়। ভবনে প্রতিটি ফ্লোরে আইপি ক্যামেরা স্থাপনের ফলে কম্পিউটার, মনিটর, প্রিন্টার, ইউপিএস ও ফটোকপি মেশিনের কার্ট্রিজ ইত্যাদি নজরদারিতে রাখা সম্ভব হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০২০-২০২১ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৫. | সেবা ফর্মসমূহ ওয়েবসাইটে সংযুক্তকরণ। | জিটিসিএল এর অভ্যন্তরে কর্মকর্তা-কর্মচারীর প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সেবা ফর্ম যেমনঃ ছুটির আবেদন ফর্ম, গাড়ি অধিযাচন ফর্ম, পূর্ত কাজ সংক্রান্ত ফর্ম, পিএবিএক্স ও ইন্টারনেট সংযোগ সংক্রান্ত অভিযোগ ফর্ম ইত্যাদি ব্যবহার হয়ে থাকে। পূর্বে এসব সেবা ফর্মসমূহ সেবাপ্রদানকারী ডিভিশন/ডিপার্টমেন্ট হতে সংগ্রহ করে কর্মকর্তা-কর্মচারীদের ব্যবহার করতে হত। সেবাগ্রহণকারী ব্যক্তিকে শুধুমাত্র উক্ত ফর্ম সংগ্রহ করার জন্য সেবাফর্ম প্রদানকারী ব্যক্তি/ডিপার্টমেন্টে যেতে হতো। তাছাড়া সেবাফর্ম প্রদানকারী ব্যক্তি ডিভিশন/ডিপার্টমেন্ট এর বাহিরে থাকলে সেবাগ্রহণকারী ব্যক্তিকে অনেক সময় ফর্ম ছাড়া ফিরে আসতে হতো। এতে উক্ত ব্যক্তির সময় ও শ্রম দুটোই নষ্ট হতো। এসব সমস্যা বিবেচনায়, সেবা ফর্মসমূহ সহজলভ্য করার উদ্দেশ্যে সেবা ফর্মসমূহ ওয়েবসাইটে সংযুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়। জিটিসিএল এর অভ্যন্তরে ব্যবহৃত বিভিন্ন সেবা ফর্মসমূহ সেবাফর্ম প্রদানকারী ব্যক্তি/ডিপার্টমেন্ট হতে স্বশরীরে সংগ্রহ করার পরিবর্তে ওয়েবসাইটে সংযুক্ত করার ফলে কর্মকর্তা-কর্মচারীগণ নিজ ডেস্কে বসেই ওয়েবসাইট হতে প্রয়োজনীয় সেবা ফর্ম প্রিন্ট করে কার্য সম্পাদন করতে পারবে। | হ্যাঁ | হ্যাঁ | https://gtcl.gov.bd/site/page/৭c৮৬৭৫৫২-৯০৯৫-৪f৭২-abf৭-a৪d৭৪৯১c০৮৩a/- | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০২০-২০২১ |
| ০৬. | বাৎসরিক Income statement ও CPF statement, ERP Account-এ প্রেরণ। | গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল) পেট্রোবাংলার একটি রাষ্ট্রায়াত্ত স্বায়ত্বশাসিত কোম্পানি। গ্যাস সঞ্চালনকারী একমাত্র প্রতিষ্ঠান জিটিসিএল এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা মোটঃ ৫৬৭ (কর্মকর্তাঃ ৪৩৬ কর্মচারীঃ ১৩১) জন। প্রতিবছর একই সময়ে সকল কর্মকর্তা/কর্মচারীদের ইনকাম এবং সিপিএফ স্টেটমেন্ট দুটি প্রস্তুত করা এবং প্রত্যেক ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প থেকে ১ জন কর্মকর্তা/কর্মচারী স্টেটমেন্ট প্রস্তুতকারী কর্মকর্তার নিকট এসে তা সংগ্রহ করা যথেষ্ট সময়সাপেক্ষ, কষ্টসাধ্য এবং ক্ষেত্রবিশেষে ব্যয়বহুল কাজ। জিটিসিএল এর বিভিন্ন সাইট অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য তা আরো সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল ব্যাপার। সকল কর্মকর্তা/কর্মচারীদের ইনকাম এবং সিপিএফ স্টেটমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে জেনারেট করে তা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ইআরপি আইডিতে প্রেরণের মাধ্যমে সেবা সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত স্টেটমেন্ট ছাড়া আয়কর রিটার্ণ জমাদান ত্রুটিপূর্ণ। তাই অতীব গুরুত্বপূর্ণ স্টেটমেন্ট অক্ষত অবস্থায় সময়মত যার যার ইআরপি আইডিতে প্রেরণের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের সেবা গ্রহণ সহজিকরণ সম্ভব হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০২০-২০২১ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০১৯-২০ | | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ-বছর) |
| ০৭. | Public Addressing System (PA System) বাস্তবায়ন। | ২০১৯-২০ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগের আওতায় জিটিসিএল প্রধান কার্যালয় ভবনে Public Address System বা PA System বাস্তবায়ন করা হয়েছে। PA System এর আওতায় ভবনের প্রতিটি ফ্লোরে একাধিক স্পীকার সংযোগ প্রদান, সিসিটিভি রুমে কন্ট্রোল সিস্টেম স্থাপন, ভবনের নির্দিষ্ট তিনটি স্থানে কলস্টেশন স্থাপন করা হয়েছে। এছাড়া প্রতি ফ্লোরে অবস্থিত PABX Set হতে দুর্ঘটনার তথ্য সিকিউরিটি অফিসারকে অবহিত করার ব্যবস্থা রয়েছে। উক্ত PA System এর মাধ্যমে কোম্পানির প্রধান কার্যালয় ভবনে যে কোন গুরুত্বপূর্ণ তথ্য প্রদান যথা: দুর্ঘটনাকালীন সময়ে সৃষ্ট জরুরী অবস্থায় ভবন হতে নিরাপদ বহিঃর্গমনের নির্দেশনা প্রদান, যে কোন জরুরী অবস্থায় করণীয়, প্রতিরোধ এবং প্রতিকার প্রসঙ্গে নির্দেশনা প্রদান, বিদ্যমান ফায়ার অ্যালার্ম সিস্টেম এর সঠিক ব্যবহার, প্রতিদিনের আজান প্রদান, প্রয়োজনে কর্মকর্তা ও কর্মচারীদের একত্রিত করণের জন্য ঘোষনা প্রদান ইত্যাদি কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০১৯-২০২০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০১৮-১৯ | | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ-বছর) |
| ০৮. | বিভাগ, ডিপার্টমেন্ট ও শাখার অবস্থান সম্বলিত ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন। | ২০১৮-১৯ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগের আওতায় জিটিসিএল প্রধান কার্যালয় ভবনের প্রবেশপথে Digital display board স্থাপন করা হয়েছে। উক্ত ডিসপ্লে বোর্ড-এ জিটিসিএল ভবনে কর্মরত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, সকল মহাব্যবস্থাপক/পরিচালক, উপ-মহাব্যবস্থাপক এবং প্রকল্প পরিচালকগণের নাম, পদবী, ছবি, মোবাইল নম্বর, আসনের অবস্থান এবং জিটিসিএল কর্তৃক সম্পাদিত ও চলমান প্রকল্পের তালিকা ও জিটিসিএল এর সচিত্র কার্যক্রম প্রদর্শন করা হয়ে থাকে। ডিসপ্লে বোর্ডটি পিএইচপি ফ্রেমওয়ার্ক ব্যবহার করে ডেভেলপ করা হয়েছে। এটি একটি ওয়েবভিত্তিক Apps। বর্তমানে এটি ওপেন সোর্স সফটওয়্যার XAMPP এর মাধ্যমে লোকাল সার্ভার ব্যবহার করে পরিচালিত হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০১৮-২০১৯ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০১৭-১৮ | | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর কিনা? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কিনা? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ-বছর) |
| ০৯. | অনলাইন ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ। | কোম্পানীতে ERP/EAM Software এর আওতায় Material Management Module এর মাধ্যমে জিটিসিএল-এ অনলাইন ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় বর্তমানে জিটিসিএল এ সকল ধরণের মালামাল ক্রয়, হিসাবরক্ষণ, অধিযাচন, পুরাতন মালামাল স্টোরে ফেরত প্রদান, বা স্ক্র্যাপ রিটার্নসহ সকল কার্যক্রম অনলাইনে ম্যানেজ করা হচ্ছে। ইনভেন্টরী ম্যানেজমেন্ট-এর জন্য প্রয়োজন ইআরপি/ইএএম সফটওয়্যার সম্বলিত একটি কম্পিউটার এবং ইন্টারনেট সংযোগ। সনাতন পদ্ধতিতে স্টোর হিসাব রক্ষণাবেক্ষণের অসুবিধাসমূহ এই সিস্টেমের মাধ্যমে দূর করা সম্ভব হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টীম | ২০১৭-২০১৮ |

Engr. Rabeya Kadir
Deputy General Manager (ID: 142)
ICT Department
Operation Division
Gas Transmission Company Ltd.